# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ কথোপকথনের বৈধাবৈধ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

যারা বলে ‘ব্যভিচারী পাথর ছুড়ে মারলে, চোরের হাত কাটলে মানবাধিকার লঙ্ঘন হয়।’ তাদের এমন বক্তব্য কি ঠিক ?

অবশ্যই ঠিক নয়। এমন অপরাধী মানবকে কে অধিকার দিয়ে রেখেছে? যারা এ কথা বলে, তারা কি মানুষ খুন করে না? তারা কি কারো ফাঁসি দেয় না? আসলে তাদের কাছে ওই শ্রেণির অপরাধ বড় নয়, বরং তাদের কাছে ব্যভিচার কোন অপরাধই নয়। আর আল্লাহর বিধান তো তারা মানেই না।

মানবের সৃষ্টিকর্তা মহান আল্লাহ। কিছু অপরাধের ফলে তিনিই তাদের মানবাধিকার ছিনিয়ে নেওয়ার বিধান দিয়েছেন। যেহেতু তারাই অপরাধ করে প্রথমে মানবাধিকার লঙ্ঘন করেছে। নিশ্চয় মহান আল্লাহ জালেম নন।

“ আমি ওদের প্রতি অন্যায় করি নি, কিন্তু ওরা নিজেরাই নিজেদের প্রতি অন্যায় করেছে।” (জুখরুফঃ ৭৬)

যে সৎকাজ করে, সে নিজের কল্যাণের জন্যই তা করে এবং কেউ মন্দ কাজ করলে তার প্রতিফলন সে নিজেই ভোগ করবে। আর তোমার প্রতিপালক তার দাসদের প্রতি কোন জুলুম করেন না। ( হা- মীম সাজদাহঃ ৪৬) উক্ত কথা কোন মুসলিম বললে সে ইসলাম থেকে খারিজ হওয়ে যাবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2121

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন